গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা উপকমিটির জুন-২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হাবিবুর রহমান<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি, নৈতিকতা উপকমিটি।<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ | : | ২৭/০৬/২০১৯ খ্রিঃ। |
| সময় | : | ১০:০০ ঘটিকা |
| স্থান | : | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে নৈতিকতা উপকমিটির বিগত ৩০/০৫/২০১৯ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | জনবল মঞ্জুরি | জনবল মঞ্জুরির প্রস্তাবসমূহ অধিকতর পরীক্ষা নিরীক্ষাপূর্বক প্রেরণ করতে হবে এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত যোগাযোগ করে জনবল মঞ্জুরির কাজ সম্পন্নকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপরিচালক (প্রশাঃ ও অর্থ) |
| ২. | নিয়োগবিধি সংশোধন | নিয়োগ বিধিমালার বিদ্যমান সমস্যাবলী চিহ্নিত করে পর্যায়ক্রমে সংশোধনের প্রস্তাব প্রেরণ এবং পূর্ণাঙ্গ নিয়োগ বিধিমালা সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ডিএডি শাহজাহান শিকদার |
| ৩. | ২০১৯-২০ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন | পিপিএ ২০০৬-এর ধারা ১১ (২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬ (৬) অনুযায়ী ৩১/০৭/২০১৯ এর মধ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৯-২০ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক (ক্রয় ও স্টোর) |
| ৪. | ই-সার্ভিস মনিটরিং | অনলাইনে চালুকৃত ফায়ার সেফটি প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করতে হবে। | ডিএডি (ফায়ার সেফটি সেল) |
| ৫. | স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন | সকল দপ্তরে "দুর্নীতি করব না, দুর্নীতি করতে দিব না" শ্লোগানযুক্ত অভিযোগ দাখিলের জন্য স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপনপূর্বক আগামী ২৫/০৭/২০১৯ এর মধ্যে অধিদপ্তরকে অবহিত করতে হবে। | ডিডি, এডি ও ডিএডি |
| ৬. | পরিদর্শন, লাইসেন্স ও মাশুল আদায় | প্রত্যেক দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ওয়্যারহাউজ ও ওয়ার্কশপ পরিদর্শন, ফায়ার লাইসেন্স প্রদান ও মাশুল আদায়সহ অন্যান্য লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ডিডি ও এডি (ওঃ ফাঃ প্রিঃ) (সংশ্লিষ্ট) |
| ৭. | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধন | মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিত যোগাযোগ করে জরুরিভিত্তিতে অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ সংশোধনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (ওঃ ফাঃ প্রিঃ) |
| ৮. | অব্যবহৃত/ অকেজো যানবাহনসহ অন্যান্য মালামাল নিষ্পত্তিকরণ | দপ্তরসমূহের অব্যবহৃত/ অকেজো যানবাহনসহ অন্যান্য মালামাল বিদ্যমান নীতিমালা অনুযায়ী কেন্দ্রীয় ক্রয় ও স্টোর এবং কেন্দ্রীয় কারিগরি কারখানার সাথে সমন্বয়পূর্বক নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ডিডি ও এডি (সংশ্লিষ্ট) |
| ৯. | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদকরণ | আওতাধীন দপ্তর/স্টেশনের স্থাবর ও অস্থাবর সম্পত্তির নামজারিকরণে ডিএডি এর নিচে নয় এমন পর্যায় হতে স্বশরীরে সংশ্লিষ্ট সংস্থায় যোগাযোগ অব্যাহত রেখে অবশিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে। তাছাড়া স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তথ্যাদি সংরক্ষণের জন্য চাহিত তথ্যাদি জরুরি ভিত্তিতে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ডিডি ও এডি (সংশ্লিষ্ট সকল) |
| ১০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার পরিবীক্ষণ জোরদারকরণ | প্রত্যেক দপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ০৩/০৭/২০১৯ এর মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী যেসব লক্ষ্যমাত্রা রয়েছে, সে সকল লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট হতে হবে। | সংশ্লিষ্ট সকল ও ওঃ হাঃ ইন্সঃ হিরন |

| | | | |
|---|---|---|---|
| ১১. | প্রকল্পভুক্ত স্টেশনগুলোর নির্মাণ কাজ সম্পন্নকরণ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রকল্পভুক্ত স্টেশনগুলোতে পরিদর্শন এবং মনিটরিং কার্যক্রম বৃদ্ধিপূর্বক নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক ১৫৬/২৫ ও ডিডি (পরিঃ ও কোষ) |
| ১২. | পরিদর্শন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম সূচারুভাবে সম্পন্নকরণের জন্য অধিদপ্তরের বিভিন্ন শাখাসহ মাঠ পর্যায়ের অফিস পরিদর্শন/ আকস্মিক পরিদর্শন করে প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৩. | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি ১০০% বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপপরিচালক (পরিঃ ও কোষ) |
| ১৪. | ওয়েবসাইট ও সিটিজেন চার্টার হালনাগাদকরণ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইট ও সিটিজেন চার্টারে সংযোজিত বিভিন্ন তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | ডি এ ডি আরমান ও আইসিটি সেল |
| ১৫. | কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধিমূলক সভা/ প্রশিক্ষণ প্রদান | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অভ্যন্তরীণ সকল প্রশিক্ষণে জাতীয় শুদ্ধাচার কৌশল; কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি; ইনোভেশন; বেস্ট প্রকটিস; নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচারণ বিধিমালা- ১৯৭৯; সচিবালয় নির্দেশমালা- ২০১৪; তথ্য অধিকার আইন- ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন- ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা-২০১৭ বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | অধ্যক্ষ ট্রেনিং কমপ্লেক্স) সহকারী পরিচালক (প্রশিক্ষণ) |
| ১৬. | বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশ | ১৫ অক্টোবর, ২০১৯ এর মধ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা মিডিয়া সেল |
| ১৭. | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | অত্র অধিদপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবাগ্রহীতাদের মতামত গ্রহণপূর্বক মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালু করে আগামী ৩১/০৭/২০১৯ এর মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তরকে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট ডিডি, এডি ও ডিএডি |
| ১৮. | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন | ১৬ আগস্ট, ২০১৯ এর মধ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০১৯-২০ অর্থবছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক (প্রঃ ও অর্থ) |
| ১৯. | ইন্টারনেটসহ ইউটিলিটি বিল পরিশোধ | বিসিসি/বিটিসিএল- এর ইন্টারনেট বিল, টেলিফোন বিল বিদ্যুৎ বিলসহ অন্যান্য বিল পরিশোধ করে অধিদপ্তরকে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট ডিডি, এডি ও ডিএডি |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অধিনস্ত সকলের অবগতি ও বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

৩০/৬/১৯

মোঃ হাবিবুর রহমান
পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০২০.১৫.১৬৫.১৭- 9200

তারিখঃ ৩০ জুন ২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

১. অতিরিক্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, অগ্নি অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (অপাঃ ও মেইনঃ/ পঃউঃপ্রঃ/ প্রকল্প-২৫/ প্রকল্প-১৫৬/ মডার্নাইজেশন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (প্রশাঃ ও অর্থ/ অপাঃ ও মেইনঃ/ পরিঃ ও কোষ/ এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
৫. উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ।
৬. সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ/ ক্রয় ও স্টোর/ ওয়াঃ হাঃ ও ফাঃ প্রিঃ/ অপাঃ ও মেইনঃ/ প্রশিক্ষণ/ পরিকল্পনা কোষ/ উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৭. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, -------------------------------------------------- (সকল)।
৮. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।]
৯. উপসহকারী পরিচালক, (রিফর্ম সেল/ ফায়ার সেফটি সেল/ মিডিয়া সেল), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১০. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা-১/২/৩/৪/৫/৬।
১১. আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। উক্ত কার্যবিবরণী ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা নিতে অনুরোধ করা হল।
১২. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর,-----------------------------------শাখা (সকল), ঢাকা।

শামীম আহসান চৌধুরী
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

F:\Administration\Jatiyo Shuddhachar Kowshol\Suddhachar (Integrity)Resolation).docN (Repaired)-.doc